



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৪ ফেব্রুয়ারি ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

রামগড়ে ইউপিডিএফ সংগঠককে গ্রেফতারের প্রতিবাদে বিক্ষোভ

খাগড়াছড়ির রামগড়ে সেনাবাহিনী কর্তৃক অংশি মারমা নামে ইউপিডিএফের এক সংগঠককে অন্যায়ভাবে গ্রেফতারের প্রতিবাদে ও তাঁর নিঃশর্ত মুক্তির দাবিতে আজ বৃহস্পতিবার (২৪ ফেব্রুয়ারি ২০২২) রামগড়ে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে ইউপিডিএফ রামগড় উপজেলা ইউনিট।

সকাল ৯টায় মিছিল পরবর্তী অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন ইউপিডিএফের রামগড় উপজেলা ইউনিটের সংগঠক হুসাইন মারমা, পাহাড়ি ছাত্র পরিষদের রামগড় উপজেলা শাখার সভাপতি অসীম চাকমা ও গণতান্ত্রিক যুব ফোরামের রামগড় উপজেলা শাখার সদস্য নয়ন চাকমা প্রমুখ।

সমাবেশে বক্তারা বলেন, পার্বত্য চট্টগ্রামে নিপীড়িত জনগণের অধিকার প্রতিষ্ঠার ন্যায়সঙ্গত আন্দোলনকে নস্যাৎ করে দেয়ার জন্য আন্দোলনে নেতৃত্বদানকারী ইউপিডিএফের ওপর অন্যায় দমন-পীড়ন চালানো হচ্ছে। তারই অংশ হিসেবে অংশি মারমাকে অন্যায়ভাবে গ্রেফতার করা হয়েছে। এভাবে বিভিন্ন জায়গায় প্রতিনিয়ত নেতা-কর্মীদের অন্যায়ভাবে গ্রেফতার, নির্যাতন ও মিথ্যা মামলা দিয়ে জেলে প্রেরণ করা হচ্ছে।

তারা বলেন, যতই দমন-পীড়ন চালানো হোক না কেন ইউপিডিএফ জনগণের ন্যায় অধিকার আদায়ে আন্দোলন চালিয়ে যাবে। অত্যাচার-জুলুম চালিয়ে ইউপিডিএফের ন্যায়সঙ্গত আন্দোলন কোনভাবেই দমিয়ে রাখা যাবে না। বক্তারা শাসকগোষ্ঠীর অন্যায় দমন-পীড়নের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে প্রতিরোধ সংগ্রাম গড়ে তোলার আহ্বান জানান।

সমাবেশ থেকে বক্তারা অবিলম্বে গ্রেফতারকৃত অংশি মারমার নিঃশর্ত মুক্তি, অন্যায় দমন-পীড়ন, ধরপাকড় বন্ধ করা ও সেনাশাসন প্রত্যাহারপূর্বক সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টির দাবি জানান।

উল্লেখ্য, গত মঙ্গলবার (২২ ফেব্রুয়ারি) বিকালে সাংগঠনিক কাজে গেলে পাতাছড়া ইউনিয়নের বেলছড়ি এলাকা থেকে বাটনাতলী ক্যাম্পের একদল সেনা সদস্য ইউপিডিএফ সংগঠক অংশি মারমা (৪৫)-কে গ্রেফতার করে। গ্রেফতারের পর তাকে অমানুষিক শারীরিক নির্যাতন শেষে থানায় হস্তান্তরের মাধ্যমে মিথ্যা মামলা দিয়ে জেলে প্রেরণ করা হয়।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)।